

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)
বিপিপিএ ভবন, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.bppa.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৩.২৭.০৯৬.২২-১৭৯

তারিখঃ ১৭ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
০২ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: সরাসরি চুক্তি (direct contracting) এর বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্র: সিলেট সিটি কর্পোরেশন এর স্মারক নং-৪৬.০৭.০০০০.০১৮.৯৯.০০৮.২০-২৩২৩; তারিখ: ২৫/০৮/২০২৪ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লিখিত পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর ২০০৮) এর বিধি ৭৬(১)(ট) অনুযায়ী সরাসরি ক্রয়ের বিধান নিম্নরূপ:


“তফসিল-২ এ বর্ণিত মূল্যসীমা অতিক্রম না করা সাপেক্ষে, অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য এবং সেবা ক্রয় (যথা-ক্যাটারিং সেবা, এ্যানালিসিস সেবা, পরিবহন সেবা, অনুষ্ঠান ব্যবস্থাপনা, মেরামত বা রক্ষণাবেক্ষণ কাজ, গ্রামবিং সেবা, কাঠের কাজ সংক্রান্ত সেবা, স্থাপত্য সেবা, ইত্যাদি)।”

০২। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর ২০০৮) এর বিধি ৭৬(১)(ট) অনুযায়ী, অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য, বা সেবা তফসিল ২ এ বর্ণিত মূল্যসীমা অতিক্রম না করে সরাসরি চুক্তির মাধ্যমে ক্রয় করা যেতে পারে। এক্ষেত্রে, বাৎসরিক কোন সীমা নেই। তবে, শুধু অতি জরুরী বা প্রয়োজনীয় পণ্য, কার্য বা সেবা ক্রয়ের ক্ষেত্রেই পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর ২০০৮) এর বিধি ৭৬(১)(ট) অনুসরণীয়। ক্রয়কারী কার্যালয় প্রধান বিধি ৭৪(২) এর আলোকে এ পদ্ধতির প্রয়োগ কঠোরভাবে নিয়ন্ত্রণ করবেন। এর যথেষ্ট ব্যবহার পরিহারযোগ্য।

০৩। সূত্রে উল্লিখিত পত্রের পরিপ্রেক্ষিতে বর্ণিত বিষয়ে প্রেরিত তথ্য ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মতামত প্রদান করা হলো। এ মতামত শুধু সূত্রে উল্লিখিত পত্রের বিষয়ে প্রযোজ্য হবে।

প্রধান নির্বাহী কর্মকর্তা
সিলেট সিটি কর্পোরেশন
নগর ভবন, সিলেট।

[দৃষ্টি আকর্ষণঃ প্রধান প্রকৌশলী, সিলেট সিটি কর্পোরেশন]



(আফরোজা পারভীন)

পরিচালক (উপসচিব)

মোবাইলঃ ০৭১৩০৯০৮৯৪৪


Email: afroza16539@gmail.com

নং-২১.০০.০০০০.৩৬৩.২৭.০৯৬.২২-১৭৯

তারিখঃ ১৭ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
০২ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি (স্বাক্ষর/কার্যার্থে): জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়ঃ

- ১। সচিবের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিপিপিএ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। অফিস কপি।



(আফরোজা পারভীন)

পরিচালক (উপসচিব)

মোবাইলঃ ০৭১৩০৯০৮৯৪৪

Email: afroza16539@gmail.com